

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৯৬
আগরতলা, ১৩ আগস্ট, ২০২৪

**পরিবহন দপ্তরের উদ্যোগে হর ঘর তিরঙ্গা অভিযানে ভেহিক্যাল র্যালি
স্বাধীন ভারতের সার্বভৌমত্ব রক্ষায় আমাদের শপথ নিতে হবে : পরিবহন মন্ত্রী**



স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানাতে রাজ্যে হর ঘর তিরঙ্গা কর্মসূচি পালন করা হচ্ছে। এই কর্মসূচির মধ্য দিয়ে দেশের স্বাধীনতা সংগ্রামে যারা আত্মত্যাগ করেছেন ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় যারা জীবন দিয়েছেন তাঁদেরকে আমরা স্মরণ করছি। স্বাধীন ভারতের সার্বভৌমত্ব রক্ষায় আমাদের আজ শপথ নিতে হবে। আজ নাগেরজলাস্থিত ড. শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি বাস স্ট্যাণ্ডে হর ঘর তিরঙ্গা অভিযানে ভেহিক্যাল র্যালির উদ্বোধন করে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তিনি বলেন, আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামীরা দেশের স্বাধীনতার জন্য হাসি মুখে তাঁদের জীবন উৎসর্গ করেছেন। তাঁদের প্রতি সম্মান জানাতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০২২ সালে হর ঘর তিরঙ্গা অভিযানের ঘোষণা দিয়েছিলেন। পরিবহন মন্ত্রী আরও বলেন, আগামী প্রজন্মের নাগরিকদের মধ্যে দেশপ্রেমের চেতনা জাগ্রত করতে হর ঘর তিরঙ্গা অভিযান গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। রাজ্য সরকার এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে উদ্যোগ নিয়েছে। এই লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি রূপায়িত হচ্ছে। যার সুফল এ রাজ্যের মানুষ পাচ্ছেন। কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রে, যোগাযোগ, স্বাস্থ্য, শিক্ষা, পর্যটন, পরিকাঠামো উন্নয়ন ও পরিবহন ক্ষেত্রে রাজ্যের প্রভূত উন্নতি হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পরিবহন দপ্তরের সচিব সি কে জমাতিয়া। উদ্বোধনী অনুষ্ঠানের পর ভেহিক্যাল র্যালিটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় নাগেরজলার ড. শ্যামাপ্রসাদ মুখার্জী বাস স্ট্যাণ্ডে এসে সমাপ্ত হয়। উল্লেখ্য, পরিবহন দপ্তরের উদ্যোগে এই ভেহিক্যাল র্যালির আয়োজন করা হয়। ভেহিক্যাল র্যালিতে বিভিন্ন ধরনের যানবাহন অংশ নেয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটর অভিজিৎ মল্লিক, টিআরটিসি'র চেয়ারম্যান বলাই গোস্বামী, পরিবহন দপ্তরের সচিব সি কে জমাতিয়া, বিশেষ সচিব সুব্রত চৌধুরী প্রমুখ।
